

গণপ্রজাতন্ত্রী বাংলাদেশ সরকার  
অর্থ মন্ত্রণালয়, অর্থ বিভাগ  
বাজেট-১ অনুবিভাগ, শাখা-১  
[www.mof.gov.bd](http://www.mof.gov.bd)

স্মারক নং-০৭.০০.০০০০.১০৯.২০.০০২.২০-৫২

তারিখ: ১৮ চৈত্র ১৪৩০  
০১ এপ্রিল ২০২৪

পরিপত্র


বিষয়: উপকারভোগীর নিবন্ধিত মোবাইল ফোনের এমএফএস একাউন্টে সরকারের নগদ আর্থিক সহায়তা প্রেরণ।

সামাজিক নিরাপত্তা কর্মসূচির আওতায় সরকারের নগদ আর্থিক সহায়তা মোবাইল ফাইন্যান্সিয়াল সার্ভিস (এমএফএস) একাউন্টের মাধ্যমে জি-টু-পি পদ্ধতিতে উপকারভোগীর নিজস্ব মোবাইল ফোনে প্রেরণ করা হয়ে থাকে। তবে ক্ষেত্রবিশেষে নিজস্ব এমএফএস একাউন্টের পাশাপাশি অন্যের ব্যবহৃত মোবাইল নম্বরের বিপরীতে খোলা এমএফএস একাউন্টে নগদ আর্থিক সহায়তা গ্রহণের প্রবণতা লক্ষ্য করা যায়। এতে অনেক সময় উপকারভোগীর প্রতারিত হবার সম্ভাবনা থেকে যায়।

০২। বর্ণিতাবস্থায়, সরকারের নগদ আর্থিক সহায়তা প্রাপ্তিতে স্বচ্ছতা ও জবাবদিহিতা নিশ্চিতকর্মে সকল মন্ত্রণালয়/বিভাগকে নিম্নোক্ত ব্যবস্থা গ্রহণ করতে হবে:

- (ক) নতুন করে চালু করা সামাজিক নিরাপত্তা কর্মসূচি/কার্যক্রমের নগদ আর্থিক সহায়তা প্রদানের ক্ষেত্রে আবশ্যিকভাবে উপকারভোগীর জাতীয় পরিচয় পত্র দ্বারা নিবন্ধিত মোবাইলে খোলা এমএফএস একাউন্টে জি-টু-পি পদ্ধতিতে প্রেরণ করা;
- (খ) চলমান যে সকল সামাজিক নিরাপত্তা কর্মসূচি/কার্যক্রমের নগদ আর্থিক সহায়তা প্রদান জাতীয় পরিচয় পত্র দ্বারা নিবন্ধিত মোবাইল ফোনে খোলা এমএফএস একাউন্টে জি-টু-পি পদ্ধতিতে প্রেরণ করা হয় না, সে সকল সামাজিক নিরাপত্তা কর্মসূচি/কার্যক্রমের ক্ষেত্রে আগামী ৩০ জুন ২০২৫ তারিখের মধ্যে জাতীয় পরিচয় পত্র দ্বারা নিবন্ধিত মোবাইল ফোনে জি-টু-পি পদ্ধতিতে প্রেরণ নিশ্চিত করা; এবং
- (গ) উপকারভোগীদের মধ্যে যাদের হাতের আঙুল নেই এমন প্রতিবক্তী ব্যক্তি, আঙুলের ছাপ কাজ করে না এমন বয়োবৃক্ত ব্যক্তি এবং ১৮ বছরের কম বয়সী উপকারভোগী, যাদের জাতীয় পরিচয় পত্র এখনো হয়নি তাদের ক্ষেত্রে এ নির্দেশনা শিথিল বলে গণ্য করা।

০৩। যথাযথ কর্তৃপক্ষের অনুমোদনক্রমে জারিকৃত এ পরিপত্র অবিলম্বে কার্যকর হবে।

  
• ০১/০৮/২৪  
(মোঃ রাজিবুল আহসান)  
উপসচিব

ফ ২২৩ ৩৮৮ ৫৮৮  
E-mail: rajibahsan@finance.gov.bd

বিতরণ (জ্যোষ্ঠার ক্রমানুসারে নথে):

১. মন্ত্রিপরিষদ সচিব, মন্ত্রিপরিষদ বিভাগ, বাংলাদেশ সচিবালয়, ঢাকা।
২. প্রধানমন্ত্রীর মুখ্য সচিব, প্রধানমন্ত্রীর কার্যালয়, তেজগাঁও, ঢাকা।
৩. গভর্নর, বাংলাদেশ ব্যাংক, মতিঝিল, ঢাকা।
৪. বাংলাদেশের মহা-হিসাব নিরীক্ষক ও নিয়ন্ত্রক, মহা-হিসাব নিরীক্ষক ও নিয়ন্ত্রকের কার্যালয়, ঢাকা।
৫. সিনিয়র সচিব/সচিব, ..... মন্ত্রণালয়/বিভাগ।
৬. হিসাব মহানিয়ন্ত্রক, হিসাব মহানিয়ন্ত্রকের কার্যালয়, সেগুনবাগিচা, ঢাকা।
৭. জাতীয় কর্মসূচি পরিচালক, SPFMS কর্মসূচি, অর্থ বিভাগ।
৮. অর্থ বিভাগের বাজেট অনুবিভাগ ১ ও ২ এর সকল কর্মকর্তাবৃন্দ।
৯. সিনিয়র সিস্টেম এনালিস্ট, এফএসএমইউ, অর্থ বিভাগ (অর্থ বিভাগের ওয়েবসাইটে আপলোড করার প্রয়োজনীয় ব্যবস্থা গ্রহণের জন্য অনুরোধ করা হল)।